রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১

নিম্নলিখিত বিলটি ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০৩/২০২১

### বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৮ সনের ৬৬ নং আইন এর ধারা ৮ এর সংশোধন।**—বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন) এর ধারা ৮ এর বিদ্যমান বিধান উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত হইবে এবং অতঃপর নিম্নরূপ উপ-ধারা (২) সংযোজিত হইবে, যথা :—

"(২) উপ-ধারা (১) এর দফা (ঘ) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি অতিমারি (pandemic), মহামারী (epidemic), দৈব-দুর্বিপাক (Act of God) এর কারণে বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত কোনো অনিবার্য পরিস্থিতিতে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ এবং সনদ প্রদান করা সম্ভব না হইলে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপিত আদেশ দ্বারা, কোনো বিশেষ বৎসরের শিক্ষার্থীদের জন্য পরীক্ষা গ্রহণ ব্যতীত বা সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা গ্রহণ করিয়া, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পদ্ধতিতে মূল্যায়ন এবং সনদ প্রদানের জন্য নির্দেশনাবলি জারি করিতে পারিবে।"।

---

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৬ নং আইন) এর ধারা ৮ (ঘ) উপধারায় কারিগরি শিক্ষার বিভিন্ন স্তরে পরীক্ষা গ্রহণের মাধ্যমে ফলাফল প্রকাশ করার বিধান রয়েছে। উল্লেখ্য ২০২০ সালে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণের কারণে দেশে কারিগরি স্তরের পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। বর্ণিত প্রেক্ষাপটে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' (২০১৮ সালের ৬৬ নং আইন) সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। প্রস্তাবিত সংশোধনীতে বিশেষ পরিস্থিতিতে অতিমারি (pandemic), মহামারী (epidemic), দৈব-দুর্বিপাক (Act of God) এর কারণে বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত কোনো অনিবার্য পরিস্থিতিতে, কোনো পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ এবং সনদ প্রদান করা সম্ভব না হলে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপিত আদেশ দ্বারা কোনো বিশেষ বৎসরের শিক্ষার্থীদের জন্য পরীক্ষা গ্রহণ ব্যতীত বা সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা গ্রহণ করে, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পদ্ধতিতে মূল্যায়ন এবং সনদ প্রদানের জন্য নির্দেশনাবলি জারি করার বিষয় উল্লেখ রয়েছে।

০৩। উপর্যুক্ত উদ্দেশ্য পূরণকল্পে ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০২০’ (সংশোধন) অধ্যাদেশ এর খসড়া প্রস্তুত করে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হলে গত ১১ জানুয়ারি, ২০২১ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮’ (২০১৮ সনের ৬৬ নং আইন) সংশোধনকল্পে ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১’ -এর খসড়া নীতিগত এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে।

০৪। মন্ত্রিসভা বৈঠকের সদয় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১’ এর খসড়া তৈরি করে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করা হয়েছে। ‘বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১’ বিল আকারে প্রস্তাবক্রমে মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

০৫। এ আইনটি প্রণয়ন করা জরুরী।

ডাঃ দীপু মনি

ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**

সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd